

M

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৩.০০০০.০০১.০৮.৬৪৯.১২- ৪৮২০

তারিখ ২৬/০৫/২০১৭ খ্রিঃ

প্রেরক : প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বাংলাদেশ সরকার, ঢাকা।

প্রাপক : সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (পাস)।


বিষয় : স্ত্রী ও পুত্রসহ সিঙ্গাপুর ও মালয়েশিয়ায় দর্শনীয় স্থান পরিদর্শনের উদ্দেশ্যে আগামী ১৬/০৭/২০১৭ হতে ২৭/০৭/২০১৭ পর্যন্ত ১২(বার) দিনের অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ ছুটি) মঞ্জুরসহ সিঙ্গাপুর এবং মালয়েশিয়া গমন ও অবস্থানের অনুমতির জন্য জনাব মুহাম্মদ মশিউর রহমান, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভোলা জেলা, ভোলা এর আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভোলা জেলার নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) জনাব মুহাম্মদ মশিউর রহমান এর স্ত্রী শারমিন জামান ইমন আগামী ১৭-২১ জুলাই/২০১৭ এ সিঙ্গাপুরে অনুষ্ঠিতব্য কনফারেন্স Poster Presentation on International Union of Microbiological Societies-তে অংশ গ্রহন করবেন। তিনি ও তার পুত্র মুহাম্মদ রাইয়ান রহমান স্ত্রীর সফরসঙ্গী হিসেবে থাকবেন। উক্ত কনফারেন্স শেষে মালয়েশিয়ায় বিভিন্ন দর্শনীয় স্থানও পরিদর্শন করবেন। তাই স্ত্রী ও পুত্রসহ সিঙ্গাপুর ও মালয়েশিয়া গমন ও অবস্থানের অনুমতির জন্য তিনি একখানা আবেদন পত্র অত্র কার্যালয়ে দাখিল করেছেন।

প্রার্থিত ছুটি আলোচ্য কর্মকর্তার অনুকূলে পাওনা আছে এবং ভ্রমণ ব্যয় উক্ত কর্মকর্তা ব্যক্তিগত তহবিল ও স্ত্রীর উপার্জন হতে বহন করবেন মর্মে আবেদন ফরমে উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, জনাব মুহাম্মদ মশিউর রহমান, নির্বাহী প্রকৌশলী(চঃদাঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভোলা জেলা, ভোলা-কে আগামী ১৬/০৭/২০১৭ হতে ২৭/০৭/২০১৭ তারিখ পর্যন্ত ১২(বার) দিন অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটি) মঞ্জুরপূর্বক স্ত্রী ও পুত্রসহ সিঙ্গাপুর এবং মালয়েশিয়া গমনসহ অবস্থানের অনুমতি প্রদানের লক্ষ্যে দাখিলকৃত কাগজপত্রের মূলকপি সুপারিশসহ এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি : বর্ণনামতে।



(সুবীর কুমার ঘোষ) ১৮/৫
প্রধান প্রকৌশলী (অঃদাঃ)

স্মারক নং- ৪৬.০৩.০০০০.০০১.০৮.৬৪৯.১২- ৪৮২০/১ (৪)

তারিখ ২৬/০৫/২০১৭ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল সার্কেল, বরিশাল।
- ৩। জনাব মুহাম্মদ মশিউর রহমান, নির্বাহী প্রকৌশলী(চঃদাঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভোলা জেলা, ভোলা।
- ৪। সংস্থাপন শাখা, অত্র কার্যালয়, ঢাকা।


(সুবীর কুমার ঘোষ) ১৮/৫
প্রধান প্রকৌশলী (অঃদাঃ)